

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/২১৪৮


তারিখঃ ২৫-০৮-২০২২

নোটিশ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর ২১.০৮.২০২২ তারিখের ৩৭.০১.০০০০.০২ ৪৫.০০৬.২২.২৬৪১ সংখ্যক স্মারকের মাধ্যমে যুক্তরাজ্য কর্তৃক প্রদত্ত কমনওয়েলথ একাডেমিক স্কলারশিপ (পিএইচ.ডি)- ২০২৩ এর মনোনয়ন আহবান করা হয়েছে। উক্ত স্কলারশিপ এর জন্য এ বিশ্ববিদ্যালয় হতে ০১ (এক) জন প্রার্থীকে মনোনয়ন প্রদান করা যাবে। যুক্তরাজ্য কর্তৃক প্রদত্ত কমনওয়েলথ একাডেমিক স্কলারশিপ (পিএইচ.ডি)- ২০২৩ এর মনোনয়ন বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা রয়েছে-

- ১। নির্দিষ্ট Application Form এ বর্ণিত চাহিত তথ্যের আলোকে মনোনয়ন প্রদান করতে হবে।
- ২। যে সকল শিক্ষক ইতোপূর্বে বিদেশী বৃত্তির আওতায় বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এখনো বন্ডে আছেন অথবা দেশের মধ্যে এমফিল কিংবা পিএইচ.ডি প্রোগ্রামে অধ্যয়নরত আছেন সে সকল শিক্ষককে মনোনয়ন/পুন: মনোনয়ন না দেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। প্রার্থীকে অবশ্যই এ বিশ্ববিদ্যালয়ের Full Time Teacher হতে হবে এবং চাকুরী স্থায়ী হতে হবে।
- ৩। মনোনীত প্রার্থী কর্তৃক আবেদন ফরম (নির্দিষ্ট ফরমেট অনুসারে কম্পিউটার কম্পোজড হতে হবে) পূরণ করতে হবে (আবেদন ফরম এর সফট কপি ইউজিসির ওয়েবসাইট www.ugc.gov.bd এর স্কলারশিপ বক্স এর কমনওয়েলথ অংশ থেকে সংগ্রহ করা যাবে) পূরণকৃত ফরমের সাথে মনোনীত প্রার্থীর পাবলিকেশন এর নাম তালিকা (কোন প্রকাশিত ডকুমেন্ট নয়, শুধুমাত্র নাম তালিকা দিতে হবে) এবং সকল পরীক্ষার সনদ ও মার্কসীট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৪। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ ফরম পূরণ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। প্রার্থীর নিজ দায়িত্বে কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd) থেকে সকল তথ্য (যেমন-নির্দেশনাসমূহ, নির্বাচনী সাক্ষাৎকার এর তারিখ ও সময়, প্রাথমিক মনোনয়ন এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী) জেনে নিতে হবে। প্রার্থীর সাথে কমিশন থেকে কোন প্রকার যোগাযোগ করা হবে না।
- ৫। বর্ণিত স্কলারশিপের জন্য প্রাপ্ত আবেদনকারীগণকে ইন্টারভিউ এর মাধ্যমে প্রাথমিকভাবে মনোনয়ন প্রদান করা হবে। কেবলমাত্র কমিশন কর্তৃক প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীকেই আগামী ১৮ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে যুক্তরাজ্যের কমনওয়েলথ কমিশনের ওয়েবসাইটে প্রবেশ করে Electronic Application System (EAS) ফরম পূরণপূর্বক পূরণকৃত ফরমের এক কপি ইউজিসির আইসিসি শাখায় নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদান করতে হবে।
- ৬। প্রার্থী কর্তৃক পূরণকৃত প্রাথমিক আবেদন ফরমসহ এ বিশ্ববিদ্যালয়ের মনোনয়ন কপি (পূরণকৃত আবেদন ফরম ও বিশ্ববিদ্যালয়ের মনোনয়নের Scanned pdf কপি) আগামী ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে বর্ণিত ইমেইল iccugcbd@gmail.com- এ অবশ্যই Scanned কপি এবং সচিব, ইউজিসি বরাবর হার্ড কপি প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পর এ বিষয়ে কোন ইমেইল এবং হার্ড কপি গ্রহণ করা হবে না।

এমতাবস্থায়, এ বিশ্ববিদ্যালয়ের অগ্রহী শিক্ষকগণকে বর্ণিত স্কলারশিপ এর মনোনয়ন প্রাপ্তির আবেদনপ্রদ আগামী ১১.০৯.২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(শেখ রেজাউল কারিম)
রেজিস্ট্রার

ফোনঃ ৪৪৮১৪০০৬

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকুবি, ঢাকা।
- ২। বিভাগীয় চেয়ারম্যান (সকল), শেকুবি, ঢাকা।
- ৩। পরিচালক (আইসিসি), শেকুবি (বিজ্ঞপ্তিটি শেকুবীর ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৪। এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি), শেকুবি, ঢাকা।
- ৫। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকুবি, ঢাকা।
- ৭। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৮। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি, ঢাকা।
- ৯। সকল নোটিশ বোর্ড, শেকুবি, ঢাকা।
- ১০। অফিস কপি।